



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০৭১

শেখ হাসিনার জাদুকরি নেতৃত্বের ছোঁয়ায় দেশ বদলে গেছে

– তথ্য ও সম্প্রচারমন্ত্রী

রাজশাহী; ১১ আশ্বিন (২৬ সেপ্টেম্বর):

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি বলেছেন, গত ১৫ বছরে কোনো জাদুর কাঠির ছোঁয়ায় বাংলাদেশ বদলে যায়নি, বদলেছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাদুকরি নেতৃত্বের ছোঁয়ায়।

মন্ত্রী মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) বিকালে রাজশাহী মহানগরীর শিমুলতলা মোড়ে মহানগর ও জেলা যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে বক্তৃতাকালে একথা বলেন।

ড. হাছান মাহমুদ বলেন, গত ১৫ বছরে শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বদলে গেছে। ১৫ বছর আগে যে ছেলেটি রাজশাহী ছেড়েছে, ১৫ বছর পরে সে যখন এই শহরে আসে, আকাশ থেকে সে যখন রাজশাহী শহরকে দেখে সে মনে করে বিমান ভুল করে ঢাকা শহরে নেমেছে। কারণ ১৫ বছর আগে এ রকম অট্টালিকা এই শহরে ছিল না, এ রকম সুন্দর রাস্তা রাজশাহীতে ছিল না, রাজশাহী ছিল অনেক পিছিয়ে পড়া একটি শহর। তাই সে যখন রাজশাহীর রাস্তা দিয়ে যায়, সে মনে করে ঢাকা।

গ্রামের উন্নয়নের উদাহরণ দিতে গিয়ে মন্ত্রী বলেন, সে যখন গ্রামে যায়, তার গ্রামকে সে চিনতে পারে না, গ্রামের মেঠোপথ আজ পিচ ঢালা রাস্তায় পরিণত হয়েছে। তার পাশের যে বাড়িটি কুঁড়ে ঘর ছিল, সেই কুঁড়ে ঘর আর নেই। সেই কুঁড়ে ঘর এখন টিনের চালা, আধা-পাকা অথবা পাকা ঘরে রূপান্তরিত হয়েছে। এখন আর খালি পায়ে মানুষ দেখা যায় না, রাস্তা-ঘাটে ছেঁড়া কাপড় পরা মানুষ দেখা যায় না। এটা কোনো জাদুর ছোঁয়ায় হয়নি- এটা হয়েছে শুধু শেখ হাসিনার জাদুকরি নেতৃত্বের কারণে।

মার্কিন প্রেসিডেন্ট, বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট, ভারতের রাষ্ট্রপতি দেশের অগ্রগতির জন্য আজ শেখ হাসিনার উন্নয়নের ভূয়সী প্রশংসা করে উল্লেখ করে তিনি বলেন, বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বিদেশিরা এখন শেখ হাসিনার কাছে জানতে চায় আপনি কীভাবে বাংলাদেশের পরিবর্তন করলেন? প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী তাঁদের বলেন- আমি দেশকে ভালোবাসি।

শেখ হাসিনা শুধু দেশ পরিবর্তন করেছেন তাই না, দেশের প্রতিটি মানুষের ভাগ্যের পরিবর্তন হয়েছে- এমন মন্তব্য করে হাসান মাহমুদ বলেন, এখন ইউনিয়ন পর্যায়ে ২২ প্রকারের ভাতা দেওয়া হয়। প্রতিটি ইউনিয়নে ২ থেকে ৩ হাজার মানুষ ভাতা সুবিধা ভোগ করে। এ প্রসঙ্গে তিনি মন্তব্য করেন, ইউরোপ আমেরিকায় স্বামী পরিত্যক্তা ভাতা দেওয়া হয় না কিন্তু প্রধানমন্ত্রী স্বামী পরিত্যক্তা নারীর জন্য ভাতার ব্যবস্থা করেছেন।

ইসলামের পৃষ্ঠপোষকতায় প্রধানমন্ত্রীর ভূমিকা তুলে ধরতে গিয়ে তিনি বলেন, শেখ হাসিনা দেশের প্রতিটি জেলায় ও উপজেলায় একটি করে সারাদেশে ৫৬০টি মডেল মসজিদ নির্মাণ করে দিয়েছেন। একইসঙ্গে এতগুলো মসজিদ নির্মাণের নজির দুনিয়ার কোথাও নাই। তিনি বলেন, সারাদেশে ১ লাখ ২০ হাজার মসজিদভিত্তিক মজুব করা হয়েছে। প্রতিটি মজুবের আলেম মাসে ৫২০০ টাকা ভাতা পান। সমগ্র বাংলাদেশে বিশেষ ধরনের মাদ্রাসা চালু করা হয়েছে, যার ২ থেকে ৩ জন করে আলেম মাসিক সাড়ে ১২ হাজার টাকা করে ভাতা পান।

আগের দিনে বাম ভাইয়েরা (বাম রাজনীতির কর্মী) শ্লোগান দিত, 'শ্রমিকের মজুরি হতে হবে সাড়ে তিন কেজি চালের সমান'— এমন মন্তব্য করে মন্ত্রী বলেন, এখন এই রাজশাহী শহরেও এক জন রিক্সাচালক একদিন রিক্সা চালিয়ে ১ হাজার টাকা কামাই করতে পারে, যা দিয়ে সে ২০ কেজি চাল কিনতে পারে।

বিএনপির সঙ্গে তাঁর দলের তুলনা করতে গিয়ে হাছান মাহমুদ বলেন, শেখ হাসিনা ঘরে ঘরে বিদ্যুৎ দিয়েছে আর বিএনপি বিদ্যুৎকেন্দ্র জ্বালিয়ে দিয়েছে। আমরা কৃষককে স্বল্পমূল্যে সার দিচ্ছি আর বিএনপির সময়ে কৃষক যখন সারের দাবিতে বিক্ষোভ করেছে, তারা তাদের গুলি করে হত্যা করেছে। আমরা বিনামূল্যে শিশুদেরকে বই দিচ্ছি আর বিএনপি ২০১৪ সালে স্কুলঘর জ্বালিয়ে দিয়েছে। এ সময় রাজশাহী অঞ্চলকে বিএনপির আমলে সন্ত্রাসের স্বর্গরাজ্যে পরিণত করা হয়েছিল মন্তব্য করে তিনি বলেন, তারা দেশকে আফগানিস্তান-পাকিস্তানের পর্যায়ে নিয়ে যেতে চায়।

মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের সম্পর্ক অত্যন্ত চমৎকার উল্লেখ করে তথ্য মন্ত্রী বলেন, ভিসানীতি একটি বিচ্ছিন্ন বিষয়। মার্কিন যুক্তরাষ্ট্র কাকে ভিসা দেবে, কাকে দেবে না; সেটা তাদের অভ্যন্তরীণ ব্যাপার। তবে ভিসানীতির আওতায় গণমাধ্যম আসবে— মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের এমন কথায় মন্ত্রী উদ্বেগ প্রকাশ করে বলেন, আমাদের দেশের গণমাধ্যম অত্যন্ত স্বাধীন এবং স্বচ্ছভাবে কাজ করে। আমাদের দেশের গণমাধ্যম অত্যন্ত শক্তিশালী। তিনি আরও বলেন, সাংবাদিকরা মনে করে স্বাধীন গণমাধ্যমের উপর হস্তক্ষেপ করা সমীচীন নয়।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৯.১৫ঘ.